

## সভা নং-০৩

উপজেলা “অর্থ বাজেট ও পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোছাঃ নাজনীন নাহার  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
চৌগাছা, যশোর।

স্থান : উপজেলা সমবায় অফিসারের কার্যালয়  
তারিখ : ২৪/০৮/২০২২ খ্রিঃ  
সময় : বেলা ১১.০০ টা।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম ও স্বাক্ষর :


ক্রঃ নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মোছাঃ নাজনীন নাহার মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর।	সভাপতি	স্বাক্ষরিত
০২	জনাব দেবশীষ মিশ্র জয় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৩	জনাব রিয়াসাত ইমতিয়াজ উপজেলা প্রকৌশলী, চৌগাছা, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৪	জনাব মেহেদী মাসুদ চৌধুরী চেয়ারম্যান, ১নং ফুলসরা ইউপি, চৌগাছা, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৫	জনাব মোঃ আবুল কাশেম চেয়ারম্যান, ৫নং চৌগাছা ইউপি, চৌগাছা, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৬	জনাব মোঃ মমিনুর রহমান চেয়ারম্যান, ৪নং ধুলিয়ানী ইউপি, চৌগাছা, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৭	জনাব মোঃ অহিদুর রহমান উপজেলা সমবায় অফিসার, চৌগাছা, যশোর।	সদস্য-সচিব	স্বাক্ষরিত

অধ্যকার উপজেলা “অর্থ বাজেট ও পরিকল্পনা” বিষয়ক স্থায়ী কমিটির সভা মোছাঃ নাজনীন নাহার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর সভাপতি মহোদয় অধ্যকার আলোচ্য সূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। এরপর সদস্য সচিব সাহেব আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করেন।

আলোচ্য সূচি	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত :	অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ কমিটির সদস্য-সচিব জনাব মোঃ অহিদুর রহমান সাহেব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী বা সংযোজন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হলো।	--
২। আশ্রয়ন ফেইজ-২ প্রকল্পের জরাজীর্ণ ঘরগুলি সংস্কার সংক্রান্ত :	সভায় সদস্য সচিব সাহেব জানান যে, চৌগাছা উপজেলায় মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধিকারভুক্ত ০৪(চার)টি আশ্রয়ন ফেইজ-২ প্রকল্প বাস্তবায়িত হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় গঠিত ০৪(চার)টি আশ্রয়ন ফেইজ-২ বহুমুখী সমবায় সমিতির অধীনে প্রায় ৩০০ (তিনশত) জন সদস্য রয়েছেন। বর্তমানে এই ০৪টি প্রকল্পে প্রায় ১২০(একশত বিশ) টি পরিবার বসবাস করেন। এই প্রকল্পের বেশিরভাগ ব্যারাকের ঘরের টিনসহ অন্যান্য অংশগুলি জরাজীর্ণ হয়ে পড়েছে। এর ফলে প্রকল্পের বসবাসরত সদস্যদের ঝড় বৃষ্টিতে সমস্যা সৃষ্টি হচ্ছে। এমতাবস্থায় উক্ত প্রকল্পের ঘরগুলি সংস্কার করা প্রয়োজন। এ বিষয়ে সদস্য সচিব সাহেব প্রকল্পের ঘরগুলি সংস্কার করার জন্য প্রস্তাব প্রদান করেন। উক্ত প্রস্তাবের উপর সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে	উপজেলা সমবায় অফিসার, চৌগাছা, যশোর।

<p>উপস্থিত সদস্যদের সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :</p> <p><u>সিদ্ধান্ত :</u></p> <p>জরাজীর্ণ ঘরগুলি চিহ্নিতপূর্বক সংস্কারের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। এবং এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রকল্প তৈরিপূর্বক দাখিল করার জন্য সদস্য সচিবকে দায়িত্ব প্রদান করা হয়।</p>	
--	--

অতঃপর অধ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ আহিদুর রহমান)

সদস্য সচিব

উপজেলা “অর্থ বাজেট ও পরিকল্পনা” বিষয়ক স্থায়ী কমিটি

ও

উপজেলা সমবায় অফিসার

চৌগাছা, যশোর।